রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৩, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নৌপরিবহন মন্ত্রণালয়**

**টি এ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/০২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৫৯-আইন/২০২৫।**—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে "হাতিয়া উপকূলীয় নদী বন্দর, নোয়াখালী" এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা :—

**তফসিল**

১। "হাতিয়া উপকূলীয় নদী বন্দর, নোয়াখালী" এর অংশ—

(ক) পশ্চিম সীমানা : নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার চানন্দী ইউনিয়নের লোয়ার মেঘনা নদী/হাতিয়া চ্যানেলে অবস্থিত ২২° ৩৩′ ৫৭″ অক্ষাংশ এবং ৯১° ০১′ ৪৯″ দ্রাঘিমাংশ হইতে দক্ষিণ-পূর্ব দিক বরাবর ২২° ৩০′ ২৫″ অক্ষাংশ ও ৯১° ০৬′ ৩৩″ দ্রাঘিমাংশ পর্যন্ত;


মূল্য : টাকা ৪·০০

(খ) পূর্ব সীমানা : নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার চানন্দী ইউনিয়নের লোয়ার মেঘনা নদী/হাতিয়া চ্যানেলে অবস্থিত ২২° ৩০′ ২৪″ অক্ষাংশ ও ৯১° ০৭′ ৫৫″ দ্রাঘিমাংশ হইতে উত্তর-পূর্ব দিক বরাবর ২২° ৩৩′ ১০″ অক্ষাংশ ও ৯১° ১১′ ৫৩″ দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(গ) দক্ষিণ সীমানা : নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার চানন্দী ইউনিয়নের লোয়ার মেঘনা নদী/হাতিয়া চ্যানেলে অবস্থিত ২২° ৩০′ ২৫″ অক্ষাংশ ও ৯১° ০৬′ ৩৩″ দ্রাঘিমাংশ হইতে পূর্ব দিক বরাবর ২২° ৩০′ ২৪″ অক্ষাংশ ও ৯১° ০৭′ ৫৫″ দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত।

২। হাতিয়া দ্বীপের অংশ—

(ক) পশ্চিম সীমানা : নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় অবস্থিত লোয়ার মেঘনা নদী/হাতিয়া চ্যানেলে ২২° ০১′ ১৫″ অক্ষাংশ এবং ৯০° ৫৬′ ৪১″ দ্রাঘিমাংশ হইতে উত্তর দিক বরাবর ২২° ০৫′ ৪৮″ অক্ষাংশ ও ৯০° ৫৮′ ১″ দ্রাঘিমাংশ, ২২° ১৩′ ৩৭″ অক্ষাংশ ও ৯১° ০৩′ ৫৭″ দ্রাঘিমাংশ এবং ২২° ২৩′ ১৪″ অক্ষাংশ ও ৯১° ০৪′ ৩৩″ দ্রাঘিমাংশ পর্যন্ত;

(খ) পূর্ব সীমানা : নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় অবস্থিত লোয়ার মেঘনা নদী/হাতিয়া চ্যানেলের ২২° ২৩′ ১৪″ অক্ষাংশ ও ৯১° ০৪′ ৩৩″ দ্রাঘিমাংশ হইতে দক্ষিণ দিক বরাবর ২২° ১৭′ ৫০″ অক্ষাংশ ও ৯১° ১০′ ৪৯″ দ্রাঘিমাংশ, বুড়িবচর ইউনিয়নের ২২° ১৩′ ৩৭″ অক্ষাংশ ও ৯১° ১১′ ২১″ দ্রাঘিমাংশ এবং ২২° ০৫′ ২০″ অক্ষাংশ ও ৯১° ০৭′ ৪৩″ দ্রাঘিমাংশ পর্যন্ত;

(গ) দক্ষিণ সীমানা : নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় অবস্থিত লোয়ার মেঘনা নদী/হাতিয়া চ্যানেলের ২২° ০১′ ১০″ অক্ষাংশ ও ৯১° ০২′ ৪″ দ্রাঘিমাংশ হইতে পশ্চিম দিক বরাবর ২২° ০১′ ১৫″ অক্ষাংশ ও ৯০° ৫৬′ ৪১″ দ্রাঘিমাংশ পর্যন্ত;

(ঘ) উত্তর সীমানা : নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় অবস্থিত লোয়ার মেঘনা নদী/হাতিয়া চ্যানেলের ২২° ২৩′ ১৪″ অক্ষাংশ ও ৯১° ০৪′ ৩৩″ দ্রাঘিমাংশ হইতে দক্ষিণ-পূর্ব দিক বরাবর ২২° ২১′ ১৯″ অক্ষাংশ ও ৯১° ০৮′ ১৩″ দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত।

৩। উপরিউক্ত তফসিলের দফা ১ এর উপ-দফা (ক), (খ) ও (গ) এবং দফা ২ এর উপ-দফা (ক), (খ), (গ) ও (ঘ)-এ উল্লিখিত ভৌগোলিক স্থানাঙ্কসমূহ উত্তর অক্ষাংশ ও পশ্চিম দ্রাঘিমাংশ হিসাবে গঠিত হইবে এবং উক্ত স্থানাঙ্কসমূহ দ্বারা গঠিত বলয়ের ফোরশোর (foreshore) এলাকা প্রকৃত নদী বন্দর সীমানা হিসাবে বিবেচিত হইবে।

৪। উপরিউক্ত নদী বন্দরের ভূ-ভাগের সীমানা লোয়ার মেঘনা নদী/হাতিয়া চ্যানেলের উত্তরে এবং হাতিয়া দ্বীপের চতুর্পার্শ্বের তীরের (bank) সাধারণ ভরাকটাল (Ordinary Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (Highest Water Level) হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) মিটার পর্যন্ত বিস্তৃত।

৫। হাতিয়া উপকূলীয় এলাকায় গেজেটভুক্ত সীমানার মধ্যে খালসমূহ উক্ত নদী বন্দর সীমানার আওতাভুক্ত হইবে এবং নৌপথের উন্নয়ন তথা জেটি/অবকাঠামো নির্মাণ, পন্টুন স্থাপন ইত্যাদি যাত্রী ও পণ্য পরিবহনের সুবিধাদি প্রদানের নিমিত্ত বন্দর সীমানার মধ্যে অন্য কোনো প্রতিষ্ঠান থাকিলে উহার কর্তৃত্ব বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ছন্দা পাল**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd